

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-২১৪৩

তারিখঃ ২৬ ১১.২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় ঔষধাগারের মাধ্যমে অর্থায়নের উৎস নির্বিশেষে (রাজস্ব/উন্নয়ন/অনুদান) দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল, জেলা/জেনারেল হাসপাতাল/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য এম.এস.আর সামগ্রী, মেডিকেল ইকুইপমেন্ট, যানবাহন, নন মেডিকেল এপ্লায়েন্সেস ও অন্যান্য ক্রয় কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের গত ১৬/০১/২০১৮ তারিখে ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২-২০১৭-৩৬ নং স্মারকের ধারাবাহিকতায় 'গ' নং ক্রমিকের টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি-২ (মেডিকেল ইকুইপমেন্ট (এস আর তালিকা বহির্ভূত) ও যানবাহন) এবং 'চ' নং ক্রমিকের দরপত্র মূল্যায়ন কমিটি-১ (২০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয়) কমিটি আংশিক সংশোধন করে নির্দেশক্রমে নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

(গ) টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি-২ (মেডিকেল ইকুইপমেন্ট (এস আর তালিকা বহির্ভূত) ও যানবাহন):


(১)	অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা)	সভাপতি
(২)	অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৩)	পরিচালক (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য
(৪)	সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট, এনেসথেসিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল	সদস্য
(৫)	সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট, রেডিওলজি বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল	সদস্য
(৬)	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি মনোনীত একজন কারিগরি প্রতিনিধি (সহকারী পরিচালকের নিচে নয়)	সদস্য
(৭)	পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৮)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্লানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৯)	চেয়ারম্যান বিআরটিএ মনোনীত প্রতিনিধি (কেবলমাত্র যানবাহন ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(১০)	সংশ্লিষ্ট মেডিকেল যন্ত্রপাতি ব্যবহার সংশ্লিষ্ট একজন বিশেষজ্ঞ	সদস্য
(১১)	উপপরিচালক (পিএন্ডসি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

(ঘ) দরপত্র মূল্যায়ন কমিটি-১ (২০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয়):

(১)	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৩)	অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৪)	সংশ্লিষ্ট এমএসআর সামগ্রী/মেডিকেল যন্ত্রপাতি/যানবাহন/ মেডিকেল এপ্লায়েন্সেস ও অন্যান্য সামগ্রী ব্যবহারকারীর (অপারেশনাল প্লানের ক্ষেত্রে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি) প্রতিনিধি	সদস্য
(৫)	গণপূর্ত অধিদপ্তর (ঢাকা ডিভিশন-৩ এর অধীনস্থ তেজগাঁও সাব ডিভিশন) মনোনীত ক্রয় কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিনিধি	সদস্য
(৬)	বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(৭)	পরিচালক (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য সচিব

০২। পুনর্গঠিত কমিটির কর্মপরিধি ও অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে। কমিটি ক্রয় সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন একজন সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী)


উপসচিব

ফোনঃ ৯৫৫ ১৯৮৯

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (প্রশাসন/ হাসপাতাল ও ক্লিনিকসমূহ/ অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ই-মেইল মারফত প্রেরণ ও ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী)  
উপসচিব